

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০৮

১৭/ কুরবানী (الله عن رسول الله کتاب الأضاحی عن رسول الله کتاب الله کتاب

باب مَا جَاءَ فِي الذَّبْحِ بَعْدَ الصَّلاةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدٍ، عَنِ الشَّعْبِيِّ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِب، قَالَ خَطَبَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي يَوْمِ نَحْرٍ فَقَالَ " لاَ يَدْبُحَنَّ أَحَدُكُمْ حَتَّى يُصَلِّيَ " . قَالَ فَقَامَ خَالِي فَقَالَ يَا رَسُولَ اللَّهِ هَذَا يَوْمُ اللَّحْمُ فِيهِ مَكْرُوهٌ وَإِنِّي عَجَّلْتُ نُسُكِي لأُطْعِمَ أَهْلِي وَأَهْلَ دَارِي أَوْ جِيرَانِي . قَالَ " فَأَعِدْ ذَبْحًا آخَرَ " . فَقَالَ يَا رَسُولَ اللَّهِ عِنْدِي عَنَاقُ لَبَنِ وَهِي خَيْرٌ مِنْ شَاتَىٰ لَحْمٍ أَفَأَنْبُحُهَا قَالَ " نَعَمْ وَهِي خَيْرُ نَسِيكَتَيْكَ وَلاَ تُجْزِيُّ جَذَعَةٌ لأَحَد بَعْدَكَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَجُنْدَبٍ وَأَنسٍ خَيْرُ نَسِيكَتَيْكَ وَلاَ تُجْزِيُّ جَذَعَةٌ لأَحَد بَعْدَكَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَجُنْدَبٍ وَأَنسٍ وَعُويَ مُرَا عُمْرَ وَأَبِي زَيْدَ الأَنْصَارِيّ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَعُويُمْرِ بْنِ أَشْقَرَ وَابْنِ عُمْرَ وَأَبِي زَيْدَ الأَنْصَارِيّ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ عَسَنَ عَنَا مُؤَوْ قَوْلُ الْمِأْمُ وَقَدْ رَخَصَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ أَنْ لاَ يُضَحَى بِالْمِصْرِ حَتَّى يُصَلِّي عَمَلِي الْمُعْرَقُ وَقَالُوا الْعِلْمِ أَنْ لاَ يُخْرِيُّ الْجَذَعُ مِنَ الْمَعْزِ وَقَالُوا إِنَّا طَلَعَ الْفَجْرُ وَهُو قَوْلُ الْمِبْرَيُّ الْجَذَعُ مِنَ الْمَعْزِ وَقَالُوا إِنَّا عَلَلْ لَا يُجْزِيُّ الْجَذَعُ مِنَ الْمَعْزِ وَقَالُوا إِنَّا مَلَا لَا عَلْمَ أَنْ لاَ يُجْزِيُّ الْجَذَعُ مِنَ الْمَعْزِ وَقَالُوا إِنَّا مَلَكُ الْمَا الْعَلْمِ أَنْ لاَ يُجْزِيًّ الْجَذَعُ مِنَ الْمَعْزِ وَقَالُوا .

বাংলা

১৫০৮। বারাআ ইবনু আযিব (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, কুরবানীর দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সামনে খুৎবা প্রদান করলেন। তিনি বললেনঃ (ঈদের) নামায আদায়ের আগে তোমাদের কোন ব্যক্তি যেন কুরবানী না করে। বর্ণনাকারী বলেন, আমার মামা দাড়িয়ে বললেন, হে আল্লাহর রাসূল! আজকের দিন তো এমন যে, পরে মাংস অপছন্দ লাগে। তাই আমি আমার পরিবারের সদস্যদের এবং প্রতিবেশীদেরকে খাওয়ানোর জন্য কুরবানী করে ফেলেছি। তিনি বললেন, তুমি আবার একটি পশু যবেহ করে দাও। তিনি বললেন, হে আল্লাহর রাসূল! দুধ খায় এমন একটি বকরীর বাচ্চা এখনও আমার নিকট আছে, যা দু'টি হুন্তপুষ্ট বকরীর চাইতেও উত্তম। আমি কি এটাকে যবেহ করে দেব? তিনি বললেন, হ্যাঁ, তোমার জন্য এটা উত্তম কুরবানী। তবে



বকরীর এরূপ বাচ্চা কুরবানী করা তোমার পর আর কারো জন্য বৈধ হবে না।

সহীহ, ইরওয়া (২৪৯৫), সহীহ আবূ দাউদ (২৪৯৫-২৪৯৬), মুসলিম, বুখারী অনুরূপ বর্ণনা করেছেন।

জাবির, জুনদাব, আনাস, উয়াইমির ইবনু আশকার, ইবনু উমার ও আবূ যাইদ আল-আনসারী (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এ হাদীসটিকে আবূ ঈসা হাসান সহীহ বলেছেন। এ হাদীস মোতাবিক বেশির ভাগ অভিজ্ঞ আলিম আমল করেছেন।

তাদের মত অনুযায়ী শহরবাসী জনগণের জন্য ইমামের নামায সমাপ্তির পূর্বে কুরবানী করা বৈধ নয়। একদল আলিম গ্রামবাসীদের জন্য ফজরের নামাযের সময় হওয়ার পরই কুরবানীর সম্মতি দিয়েছেন। এই মত দিয়েছেন ইবনুল মুবারাকও।

এ বিষয়ে আলিমদের মধ্যে ঐকমত্য রয়েছে যে, ছয় মাসের বকরীর বাচ্চা কুরবানী করা হলে তা যথেষ্ট হবে না। কিন্তু ছয় মাসের মেষের বাচ্ছা কুরবানী করলে তা বৈধ হবে।

English

Narrated Al-Bara' bin 'Azib:

"The Messenger of Allah (ﷺ) delivered a sermon to us on the Day of Nahr and he said: 'None of you should slaughter until he performs the Salat." He said: 'So my maternal uncle stood and said: 'O Messenger of Allah, this is the day in which meat is disliked, and I hastened my sacrifice to feed my family and the people of my dwellings - or - 'my neighbors.' He said: 'Repeat your slaughter with another.' He said: 'O Messenger of Allah (ﷺ) I have a she-kid that has better meat than my sheep, should I slaughter it?' He said: 'Yes, and it is better and it will suffice for you, but a Jadha' will not be accepted after you.' "

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন